রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২, ২০২৫

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/০২ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩১২-আইন/২০২৫/১০২/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১৫৪ হইতে ধারা ১৬০ এবং দ্বিতীয় তফসিলের ক্রমিক নং (১৬) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (৫) এর শর্তের পরিবর্তে নিম্নরূপ শর্ত প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, একজন যাত্রী সর্বোচ্চ ২ (দুই)টি ব্যবহৃত মোবাইল ফোন ও প্রতি পঞ্জিকা বৎসরে কেবল একবার ১ (এক) টি নূতন মোবাইল ফোন এবং জনশক্তি, কর্মস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক ইস্যুকৃত BMET কার্ডধারী যিনি ন্যূনতম ৬ (ছয়) মাস বিদেশে অবস্থান করিয়াছেন এমন প্রবাসী বাংলাদেশী প্রতি পঞ্জিকা বৎসরে সর্বোচ্চ ২ টি নূতন মোবাইল ফোন শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন, ইহার অতিরিক্ত আমদানিকৃত মোবাইল ফোনের ক্ষেত্রে বিধি ১০ ও অন্যান্য প্রচলিত বিধিবিধান প্রযোজ্য হইবে।";

মূল্য : টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com

(খ) উপ-বিধি (৯) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৯) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৯) একজন যাত্রী পরিহিত অবস্থায় থাকুক বা না থাকুক, এক পঞ্জিকা বৎসরে এক বা একাধিক বারে সর্বমোট ১ (এক) শত গ্রাম ওজনের স্বর্ণালংকার বা ২ (দুই) শত গ্রাম ওজনের রৌপ্যের অলংকার (যেখানে একই প্রকার অলংকার ১২ (বারো) টির অধিক নয়) ঘোষণা প্রদানের মাধ্যমে এবং সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।";

(২) বিধি ৮ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) বিদেশ হইতে আগত সকল যাত্রীকে কাস্টমস হল (Customs Hall) বা কাস্টমস এলাকা ত্যাগ করিবার পূর্বেই আবশ্যিকভাবে তফসিল-১ এ বর্ণিত ব্যাগেজ ঘোষণা ফর্ম পূরণ করিয়া অথবা অনলাইনে কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।";

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "উপ-বিধি (১) ও" শব্দগুলি, চিহ্ন, বন্ধনী ও সংখ্যা বিলুপ্ত হইবে;

(৩) তফসিল-১ "ব্যাগেজ ঘোষণা ফরম" এর ক্রমিক নং ১০ এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(খ)	তফসিল-৩ এ বর্ণিত শুল্ক ও করমুক্ত সীমার অতিরিক্ত কোনো পণ্য (Any goods exceeding the exemption limit under Schedule-3)	হ্যাঁ/না Yes/No" ;

(৪) তফসিল-৩ এর ক্রমিক নং ১৮ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ ক্রমিক ১৮ ও এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১৮।	সাধারণ যাত্রীর ক্ষেত্রে ১ (এক) টি নূতন মোবাইল/সেলুলার ফোন সেট; BMET কার্ডধারী প্রবাসী বাংলাদেশীর ক্ষেত্রে ২ (দুই) টি নূতন মোবাইল/ সেলুলার ফোন সেট;"

;

(৫) তফসিল-৪ এর ক্রমিক নং ৫ এ উল্লিখিত "২০২৪" সংখ্যার পরিবর্তে "২০২৫" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Downloaded from www.taxvatpoint.com